গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়

নাটোর।

www.fisheries.natore.gov.bd

## সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | ২৬/০৯/২০২২খ্রি.। |
| সভার সময় | দুপুর ১২.০০ ঘটিকা। |
| স্থান | জেলা মৎস্য কর্মকর্তার সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট “ক”-তে সংযুক্ত করা হলো। |

সভাপতি সভায় উপস্থিত সকলকে (পরিশিষ্ট ক) স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাহাঙ্গীর আলম, সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ত্রৈমাসিক সভার প্রথম সভা হিসেবে জেলার এপিএ চুক্তির আওতায় গৃহীত যাবতীয় কার্যক্রমের ওপর বিষয়ভিত্তিক আলোচনা করেন। উপস্থিত সকলেই এ আলোচনায় অংশগ্রহণ করেন। পরিশেষে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্রমিক নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি হালনাগাদ করে ওয়েবসাইটে প্রকাশ করতে হবে এবং কমিটির তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। প্রমাণক হিসেবে পুনর্গঠিত কমিটি হালনাগাদ সংক্রান্ত সরকারি পত্র/ওয়েবলিংক সংরক্ষণ করতে হবে। উল্লেখ্য, জেলা মৎস্য অফিস, নাটোর এর অফিস আদেশ নং ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.২৬৫, তারিখ ৩১/০৮/২০২২খ্রি. এর মাধ্যমে প্রথম ত্রৈমাসিকের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি গঠন করা হয়েছে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ২ | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন | প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে। ০৪টি ত্রৈমাসিকের ০৪টি বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে। আগামী ০৪/১০/২০২২ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় জেলা মৎস্য অফিস, নাটোর এর সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভায় প্রথম ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করা হবে এবং তৎপ্রেক্ষিতে বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন প্রস্তুত করতঃ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ৩ | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | আওতাধীন/সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়নের জন্য কমপক্ষে ২টি সভা আয়োজন করতে হবে। তবে প্রতি ৩ মাসে একবার সভা করার মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যকরভাবে বাস্তবায়ন করা যেতে পারে। প্রমাণক হিসেবে সভার কার্যবিবরণী/সভার নোটিশ/উপস্থিতি/হাজিরা সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |

| | | | |
|---|---|---|---|
| ৪ | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | প্রতি ৩ মাসে একবার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদপূর্বক ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। প্রমানক হিসেবে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত অফিস আদেশ/সরকারি পত্র/ওয়েবলিংক সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ৫ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/ প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন | প্রতি ৬ মাসে একবার সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন, বিধি-বিধান বিষয়ে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে। আয়োজিত প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালার অফিস আদেশ/আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা/উপস্থিতির হাজিরা প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ৬ | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | প্রতি ৬ মাসে একবার অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন করতে হবে। ০২টি অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী/উপস্থিতির হাজিরা/অবহিতকরণ সভার নোটিশ প্রমানক হিসেবে সংরক্ষণ করতে হবে। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |
| ৭ | বিবিধ | বছরের শুরু হতেই এই সভার সিদ্ধান্তসমূহ সামনে রেখে কাজ করে যেতে হবে যাতে করে এপিএ চুক্তির সকল কাজ সময়মত অর্জন ও প্রমাণক সংরক্ষণ করা সম্ভব হয়। | ফোকাল পয়েন্ট/ সিনিয়র/ উপজেলা মৎস্য কর্মকর্তাগণ |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে সক্রিয় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

স্মারক নম্বর: ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০২.১৭.৩৪২

তারিখ: ১৩ আশ্বিন ১৪২৯
২৮ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) উপপরিচালক (প্রশাসন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
২) উপপরিচালক(ফিল্ড সার্ভিস), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
৩) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৪) সিনিয়র সহকারি পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।
৫) সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য অফিসার (সকল), নাটোর।
৬) খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর।
৭) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা (সকল), নাটোর।
৮) মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, নাটোর ও বিকল্প ফোকাল পয়েন্ট।
৯) নৈতিকতা কমিটির অন্যান্য সদস্যগণ, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, নাটোর।

মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা